

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম
শিশুর হৃদযন্ত্রে বিনামূল্যে সফল অস্ত্রোপচার



রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের সহায়তায় জন্মগত ক্রটি, বিকাশগত ক্রটি অথবা শারীরিক প্রতিবন্ধকতার শিকার শিশুরা সমাজে সুস্থ সুন্দরভাবে বাঁচার স্বপ্ন দেখতে পারছে। এই কর্মসূচির অধীন কদমতলা সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসক ডাঃ নীলাদ্রি শেখর চ্যাটার্জী চুড়াইবাড়ি রবি দাস পাড়া অঙ্গনওয়াড়িকেন্দ্র এলাকার এক শিশুকন্যার হৃদযন্ত্রের সফল চিকিৎসা সম্পন্ন করেন। শিশুটির জন্মের একমাস বয়সেই হৃদযন্ত্রে ছিদ্র ধরা পড়ে। তাকে বহিরাঙ্গের একটি বেসরকারি হাসপাতালে উন্নত চিকিৎসার জন্য নিয়ে গেলে চিকিৎসকরা তার হৃদযন্ত্রের অস্ত্রোপচারের পরামর্শ দেন। কিন্তু শিশুটির অভিভাবকরা শিশুটির হৃদযন্ত্রের অস্ত্রোপচার না করে বাড়িতে ফিরিয়ে নিয়ে আসে। তারপর গত ১৮ মার্চ ২০২১ কদমতলা সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের স্বাস্থ্যকর্মীরা চুড়াইবাড়ি রবি দাস পাড়া অঙ্গনওয়াড়িকেন্দ্রে এক রুটিন স্ক্রিনিং-এ গিয়ে এই শিশুকন্যাটির হৃদযন্ত্রের সমস্যা সম্পর্কে অবহিত হয়ে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের সহায়তায় বিনামূল্যে উন্নত চিকিৎসা পরিষেবার ব্যবস্থা করেন। তারপর কদমতলা রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম টিমের উদ্যোগে গত ৫ জুলাই ২০২৪ আগরতলার আইজিএম হাসপাতালে শিশুটির ইকোকার্ডিওগ্রাফি পরীক্ষা করা হয়। আর এই পরীক্ষার মাধ্যমেই চিকিৎসক শিশুটির হৃদযন্ত্রে ছিদ্র সম্পর্কে নিশ্চিত হন। তারপর শিশুটিকে জাতীয় স্বাস্থ্য মিশন, ত্রিপুরার সহযোগিতায় সম্পূর্ণ বিনামূল্যে চেন্নাইয়ে অ্যাপেলো চিলড্রেন হাসপাতালে হৃদযন্ত্রে অস্ত্রোপচারের জন্য পাঠানো হয়। সেখানে গত ২৪ জুলাই ২০২৪ সফলভাবে শিশুটির হৃদযন্ত্রে অস্ত্রোপচার সম্পন্ন হয়। এরপর শিশুটি সুস্থ হয়ে রাজ্যে ফিরে আসে। রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসক ডাঃ নীলাদ্রি শেখর চ্যাটার্জী সহ উক্ত কার্যক্রমের স্বাস্থ্যকর্মীরা নিয়মিত শিশুটির শারীরিক অবস্থার পর্যবেক্ষণ করছেন। বর্তমানে শিশুটি সুস্থ ও স্বাভাবিক আছে। রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের সহায়তায় শিশুটির জন্মগত সমস্যা থেকে সুস্থ হয়ে উঠায় শিশুটির পিতা-মাতা সহ পরিবার পরিজনেরা খুব খুশী এবং স্বাস্থ্য দপ্তরের মাধ্যমে সম্পূর্ণ বিনামূল্যে এই ধরনের চিকিৎসা পরিষেবা লাভ করে চিকিৎসক সহ সকল স্বাস্থ্যকর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।